# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৫৫

১/ বিবিধ

আরবী

استفرهو اضحاياكم، فإنها مطاياكم على الصراط

ضعيف جدا

رواه الضياء في " المنتقى من مسموعاته بمرو" (33/2) عن يحيى بن عبيد الله عن أبيه قال: سمعت أبا هريرة يقول: فذكره مرفوعا

قلت: وهذا سند ضعيف جدا، آفته يحيى؛ وهو ابن عبيد الله بن عبد الله بن موهب المدني قال أحمد: ليس بثقة. وقال ابن أبي حاتم عن أبيه: ضعيف الحديث، منكر الحديث جدا. وقال مسلم والنسائي: متروك الحديث

وأما أبو هـ عبيد الله فمجهول، قال الشافعي وأحمد واللفظ له: " لا يعرف ". وأما ابن حبان فأورده في " الثقات " فقال: " روى عنه ابنه يحيى، لا شيء. وأبو هـ ثقة، وإنما وقع المناكير في حديثه من قبل ابنه يحيى

ثم رأيت الحافظ ابن حجر قال في " التلخيص " (4/138) : " أخرجه صاحب " مسند الفردوس " من طريق يحيى بن عبيد الله بن موهب ... ويحيى

ضعيف جدا

وتقدم الحديث بلفظ: " عظموا ضحاياكم.. " وأنه لا أصل له. انظر رقم (74) إن شئت.

বাংলা

১২৫৫। তোমাদের কুরবানীর জন্য সতেজ শক্তিশালী কুরবানীর পশু অনুসন্ধান কর। কারণ সেগুলো পুল সিরাতের উপর তোমাদের বাহন হিসেবে ব্যবহৃত হবে।

হাদীসটি খুবই দুর্বল।

হাদীসটি যিয়া "আল-মুনতাকা মিন মাসমূআতিহি বি মারু" গ্রন্থে (২/৩৩) ইয়াহইয়া ইবনু ওবাইদিল্লাহ হতে, তিনি তার পিতা হতে, তিনি আবূ হুরাইরাহ (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। এর সমস্যা হচ্ছে বর্ণনাকারী ইয়াহইয়া, তিনি হচ্ছেন ইবনু ওবাইদুল্লাহ ইবনে আবদিল্লাহ ইবনে মাওহিব মাদানী। ইমাম আহমাদ বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন। ইবনু আবী হাতিম তার পিতার উদ্ধৃতিতে বলেনঃ তিনি হাদীসের ক্ষেত্রে দুর্বল ও খুবই মুনকারুল হাদীস। ইমাম মুসলিম ও নাসাঈ বলেনঃ তিনি মাতরুকুল হাদীস।

আর বর্ণনাকারী তার পিতা মাজহুল (অপরিচিত)। ইমাম শাফেঈ ও আহমাদ বলেনঃ তাকে চেনা যায় না। ইবনু হিব্বান তাকে নির্ভরযোগ্যদের অন্তর্ভুক্ত উল্লেখ করে বলেছেনঃ তার থেকে তার ছেলে ইয়াহইয়া বর্ণনা করেছেন তিনি কিছুই না।

তবে তার পিতা নির্ভরযোগ্য। তার হাদীসের মধ্যে মুনকারের অনুপ্রবেশ ঘটেছে তার ছেলে ইয়াহইয়ার দিক থেকে।

“আত-তালখীস” গ্রন্থে (৪/১৩৮) দেখেছি হাফিয ইবনু হাজার বলেনঃ ইয়াহইয়া খুবই দুর্বল।

এর পূর্বে এরূপই একটি হাদীস (৭৪) আলোচিত হয়েছে। সেটির কোনই ভিত্তিই নেই।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72134

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন